

বগুড়াতে এনার্জিপ্যাকের মোটর ভেহিকেল সার্ভিস সেন্টার উদ্বোধন

- A Monitor Desk Report

Date: 06 October, 2021



ঢাকাঃ ক্রেতাদের বাহন সংশ্লিষ্ট সকল ধরনের প্রয়োজনীয় সেবা প্রদানে এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেডের (ইপিজিএল) মোটর ভেহিকেল ডিভিশন (এমভিডি) ৫ অক্টোবর বগুড়াতে একটি মোটর ভেহিকেল সার্ভিস সেন্টার উদ্বোধন করেছে।

সার্ভিস সেন্টারটি বগুড়ার হাইওয়ে রোডের পশ্চিম পালশা’তে অবস্থিত। এ সেন্টারের মাধ্যমে জেএসি ট্রাক ও পিকআপ, জেসিবি ও হেলি কনস্ট্রাকশন মেশিনারিজ, শ্যাকম্যান হেভি ডিউটি ট্রাক এবং আনকাই বাসের সকল সেবা পাওয়া যাবে। সার্ভিস সেন্টারটির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেডের ইনস্টিটিউশনাল সেলসের চিফ বিজনেস অফিসার ফাইয়াজ এইচ. চৌধুরী এবং এনার্জিপ্যাকের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে ফাইয়াজ এইচ. চৌধুরী বলেন, “এ সার্ভিস সেন্টারটি বগুড়ায় আমাদের ক্রেতাদের জন্য ৩৬০ ডিগ্রি সেবা প্রদান করবে। আমরা চাই না কেউ সেবাগ্রহণের ক্ষেত্রে পিছিয়ে থাকুক। এজন্যই আমরা বগুড়াতে আমাদের সার্ভিস সেন্টারটি চালু করেছি, যাতে আশেপাশের এলাকার ক্রেতারা যাতে তাদের বাহন সংশ্লিষ্ট সমস্যার সমাধান পান। ক্রেতাদের স্বাচ্ছন্দ্যই সবসময় আমাদের অগ্রাধিকারের বিষয়।”

উল্লেখ্য, বাংলাদেশের বাজারে জেএসি, আনকাই, শ্যাকম্যান এবং জেসিবি ও হেলির একমাত্র পরিবেশক ইপিজিএল। বিগত বছরগুলোতে এসব বাহন অসাধারণ পারফরমেন্সের জন্য ক্রেতাদের সন্তুষ্টি অর্জন করেছে। এবং তাদের ৩৬০ ডিগ্রি সেবা প্রদানে ইপিজিএল’র এমভিডি দেশজুড়ে অনেকগুলো সার্ভিস সেন্টার উন্মোচন করেছে। বগুড়ার সার্ভিস সেন্টারটি ৮ হাজার বর্গফুট এবং সার্ভিস সেন্টারটির একসাথে ২০টি বাহনের সেবা প্রদানের সক্ষমতা রয়েছে।